গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।

সড়ক ও জনপথ অধিদপ্তরাধীন সেতুর টোল আদায়ের ইজারা তফসিল।

ইজারা কোটেশন নং ০১/ইই/এমআরডি/২০১৬-২০১৭ ইং (১৪তম আহ্বান)।

ইজারার বিবরন : মুন্সীগঞ্জ সড়ক বিভাগাধীন ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কের (N-8) ৩য় কিঃমিঃ এ বাংলাদেশ -চীন মৈত্রী সেতুর (বুড়িগঙ্গা সেতু-১) উপর দিয়া পারাপারাধীন যানবাহন হইতে টোল আদায়ের নিমিত্তে ৩ (তিন) অর্থ বৎসর (১০৯৫ দিন) এর জন্য ইজারা প্রদান (১৪তম আহবান)।

সেতুর নাম ও অবস্থান : ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কের ৩য় কিঃমিঃ এ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (বুড়িগঙ্গা সেতু-১)
[জেলাঃ ঢাকা,উপজেলা/থানা ঃ শ্যামপুর মডেল থানা, পোস্তগোলা, ঢাকা]

ফেব্রুয়ারী/২০১৮

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (সওজ)
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ।
ফোন ও ফ্যাক্স নং ০২-৭৬১১২৫৯
E-mail: eemunrhd@gmail.com

স্মারকনং ৪-৮/ ৩০৬ তারিখঃ ১২/০২/২০১৮ ইং।

বরাবর,

১। বিজ্ঞাপন ব্যবস্থাপক
দৈনিক সমকাল
১৩৬ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা ।

২। বিজ্ঞাপন ব্যবস্থাপক
দৈনিক মুন্সীগঞ্জের কাগজ
মুন্সীগঞ্জ ডিসি অফিসের দক্ষিনে
জেলখানা রোড,মুন্সীগঞ্জ।

৩। বিজ্ঞাপন ব্যবস্থাপক
Daily Observer
Aziz Bhaban(2nd floor)
93 Motijheel C/A,
Dhaka-1000

বিষয়ঃ মুন্সীগঞ্জ সড়ক বিভাগাধীন ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কের ৩য় কিঃমিঃ এ বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর (বুড়িগঙ্গা সেতু-১) (N-8) উপর দিয়া পারাপারাধীন যানবাহন হইতে টোল আদায়ের নিমিত্তে ৩(তিন) অর্থ বৎসর (১০৯৫ দিন) এর জন্য ইজারা প্রদান (১৪তম আহ্বান) ।
ইজারা কোটেশন বিজ্ঞপ্তি নং-০১/ইই/এমআরডি/ ২০১৬-২০১৭ ইং (১৪তম আহবান) ।

এতদসঙ্গে প্রেরিত বিজ্ঞাপনটি তাঁর বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় স্বল্প পরিসরে সংযুক্ত নমুনা অনুযায়ী (৩ কলাম × ১০") ০১ (এক) দিন ০১ (এক) বার সকল সংস্করনে (যদি থাকে) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল এবং প্রকাশের পর পরই অত্র অফিসে রেকর্ড সংরক্ষনের জন্য প্রকাশিত বিজ্ঞাপনটির ৩(তিন)টি সৌজন্য কপিসহ উক্ত বিজ্ঞাপনের বিল নির্বাহী প্রকৌশলী (সওজ) সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ এর অনুকূল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২(দুই) কপি কোটেশন বিজ্ঞপ্তি।

১২/২/১৮
(মোঃ মামুনুর রশীদ)
পরিচিতি নং ৬০২১৪০
নির্বাহী প্রকৌশলী(চঃদাঃ)সওজ
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ।

১২/০২/১৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হল ঃ

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
সংযুক্তি ঃ ইজারা কোটেশন বিজ্ঞপ্তি/সিডিউল = ২(দুই)কপি।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ),ঢাকা জোন,সড়ক ভবন,এলেনবাড়ী, তেজগাঁও,ঢাকা।
সংযুক্তি ঃ ইজারা কোটেশন বিজ্ঞপ্তি/সিডিউল = ২(দুই)কপি।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), এম,আই, এস এন্ড এষ্টেট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও,ঢাকা।
সংযুক্তি ঃ ইজারা কোটেশন বিজ্ঞপ্তি/সিডিউল = ২(দুই)কপি।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), নারায়নগঞ্জ সড়ক সার্কেল, ১৩২/৪ নিউ বেইলী রোড,ঢাকা।
সংযুক্তি ঃ ইজারা কোটেশন বিজ্ঞপ্তি/সিডিউল = ২(দুই)কপি।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (সওজ)
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ।
ফোন ও ফ্যাক্স নং ০২-৭৬১১২৫৯
E-mail: eemunrhd@gmail.com

স্মারক নং ৩০৬

তারিখঃ ১২/০২/২০১৮ ইং।

কোটেশন বিক্রির রশিদ

সেতুর নাম ও অবস্থান : মুন্সীগঞ্জ সড়ক বিভাগাধীন ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কের ৩য় কিঃমিঃ এ বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর (বুড়িগঙ্গা সেতু-১) (N-8) উপর দিয়া পারাপারাধীন যানবাহন হইতে টোল আদায়ের নিমিত্তে ৩(তিন) বৎসরের জন্য ইজারা প্রদান।

মেসার্স/জনাব---------- এর নিকট বিক্রয় করা হল।

টাকার পরিমান(অংকে) ---------- (কথায়) ----------

এনি রিসিপ্ট নং ---------- তারিখ ----------

বিভাগীয় হিসাব রক্ষকের স্বাক্ষর
অফিস সীল

" সেতুর ইজারা কোটেশন আহবান বিজ্ঞপ্তি "

১	ইজারা কোটেশন নং	ঃ	০১/ইই/এমআরডি/ ২০১৬-২০১৭ ইং (১৪তম আহবান) ।
২	ইজারার বিবরন	ঃ	মুন্সীগঞ্জ সড়ক বিভাগাধীন ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কের ৩য় কিঃমিঃ এ বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর (বুড়িগঙ্গা সেতু-১)(N-8)উপর দিয়া পারাপারাধীন যানবাহন হইতে টোল আদায়ের নিমিত্তে ৩(তিন) বৎসরের জন্য ইজারা প্রদান (১৪তম আহবান)।
৩	ইজারা চুক্তির মেয়াদ	ঃ	৩(তিন) অর্থ বছর (১০৯৫দিন)।
৪	ইজারা কোটেশনের সিডিউল মূল্য	ঃ	টা: ৫,০০০.০০(পাঁচ হাজার টাকা মাত্র)
৫	বায়নার টাকার পরিমান	ঃ	উদ্ধৃত মূল্যের ১০%(শতকরা দশ ভাগ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে ।
৬	ইজারা কোটেশন বিক্রয়ের শেষ তারিখ	ঃ	০৫/০৩/২০১৮ খ্রীষ্টাব্দ বিকাল ৫.০০ পর্যন্ত।
৭	মুখবন্ধ অবস্থায় ইজারা কোটেশন গ্রহনের শেষ তারিখ	ঃ	০৬/০৩/২০১৮ খ্রীষ্টাব্দ দুপুর ১২.৩০ পর্যন্ত।
৮	ইজারা ডাকে অংশ গ্রহনের যোগ্যতা	ঃ	ভ্যাট ও আয়কর সনদধারী প্রতিষ্ঠান/নাগরিক, সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত সকল প্রতিষ্ঠানের ঠিকাদার।
৯	যে সকল কার্যালয়ে ইজারা কোটেশন ক্রয়ের জন্য পাওয়া যাবে	ঃ	১। বিভাগীয় কমিশনার,ঢাকা বিভাগ,সেগুনবাগিচা,ঢাকা। ২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ। ৩। নির্বাহী প্রকৌশলী(সওজ)সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ/ নারায়নগঞ্জ/ নরসিংদী/। ৪। উপ-বিভাগীয় প্রকৌশলী(সওজ),সড়ক উপ-বিভাগ-কেরানীগঞ্জ/মুন্সীগঞ্জ/শ্রীনগর/১ম সারি কারখানা,মুন্সীগঞ্জ।
১০	যে সকল কার্যালয়ে ইজারা কোটেশন মুখবন্ধ অবস্থায় গ্রহণ করা হবে।	ঃ	১। বিভাগীয় কমিশনার,ঢাকা বিভাগ,সেগুনবাগিচা,ঢাকা। ২। জেলা প্রশাসক,মুন্সীগঞ্জ। ৩। নির্বাহী প্রকৌশলী(সওজ), মুন্সীগঞ্জ সড়ক বিভাগ ।
১১	ইজারা কোটেশন খোলার স্থান,তারিখ ও সময়	ঃ	স্থানঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ। তারিখঃ ০৬/০৩/২০১৮ খ্রীষ্টাব্দ। সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা।
১২	ইজারা আহবানকারী যে কোন সময় যে কোন কোটেশন/সকল কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।		

১২/০২/১৮
উপ-সহকারী প্রকৌশলী(সওজ)
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।

১২/২/১৮
(মোঃ মামুনুর রশীদ
পরিচিতি নং ৬০২১৪০
নির্বাহী প্রকৌশলী(চঃদাঃ)সওজ
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।

	Identification of Lot	Location	Quotation Security Amount	Price of Quotation Documents	Lease period
19	Lease for Collection of Tolls at Bangladesh-China Friendship Bridge (Buriganga Bridge-1) (N-8) at 3rd km of Dhaka - Mawa- Bhanga -Barishal-Patuakhali National Highway road for a period of 3(Three) year (1095 day) from the date of agreement under Munshigonj Road Division during the year of 2016-2017 **(14th Call).**	at 3rd km of Dhaka-Mawa-Bhanga-Barishal-Patuakhali National Highwy road.	10% (Ten percent) of the total quoted amount.	5,000.00 (Five thousand) per set.	3(Three) year (1095 day) from the date of agreement.
20	Name of the official Inviting Quotation	Md. Mamunur Rashid			
21	Designation of Official Inviting Quotation	Executive Engineer, RHD.			
22	Address of the official Inviting Tender	Road Division, Munshigonj.			
23	Contact details of official inviting Quotation	Tel 88 – 02-7611259 / 01730-782613 (office)			
24	Terms and Conditions	(a) The procuring entity reserves the right to accept or reject all the quotations without assigning any reasons what so ever. (b) The quotationer submits the quotation in sealed condition. (c) The quatationer have to attach and submit all necessary documents and fill all the forms.			

Signature of Ouotationer

Sub-Assistant Engineer,RHD
Munshigonj Road Diviosion

Executive Engineer, RHD
Munshigonj Road Division
Munshigonj.

স্মারক নং ৪-৮/৩০৬ তারিখঃ ১২/০২/২০১৮ ইং।

বিতরণ

ক) বহুল প্রচার ও আগ্রহী ক্রেতাদের নিকট বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ অনুলিপি প্রেরন করা হল ঃ

০১। বিভাগীয় কমিশনার,ঢাকা বিভাগ,সেগুন বাগিচা,ঢাকা।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ৩(তিন)প্রস্থ।

০২। জেলা প্রশাসক,মুন্সীগঞ্জ।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ৩(তিন)প্রস্থ।

০৩। নির্বাহী প্রকৌশলী,সড়ক ও জনপথ অধিদপ্তর,সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/নরসিংদী।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ৩(তিন)প্রস্থ প্রতি দপ্তরের জন্য।

০৪। উপ-বিভাগীয় প্রকৌশলী,সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক উপ-বিভাগ কেরানীগঞ্জ/মুন্সীগঞ্জ/শ্রীনগর/১ম সারি কারখানা উপ-বিভাগ।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ৩(তিন)প্রস্থ প্রতি দপ্তরের জন্য।

খ) অবগতির জন্য অনুলিপি বিতরন করা হল ঃ

০১। প্রধান প্রকৌশলী,সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন,তেজগাঁও,ঢাকা।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ২(দুই) প্রস্থ।

০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওজ), পরিকল্পনা ও রক্ষনাবেক্ষন উইং,সড়ক ভবন,ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওজ) ঢাকা জোন, এলেনবাড়ী,তেজগাঁও,ঢাকা।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ২(দুই) প্রস্থ।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সওজ) সড়ক সার্কেল, নারায়নগঞ্জ/রক্ষনাবেক্ষন সার্কেল, সড়ক ভবন,তেজগাঁও,ঢাকা/এমআইএস এষ্টেট সার্কেল, সড়ক ভবন,ঢাকা/প্লানিং মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন সার্কেল,ঢাকা/প্রকিউরমেন্ট সার্কেল/পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল/সেতু নকসা সার্কেল,সড়ক ভবন,তেজগাঁও,ঢাকা/কারখানা সার্কেল, সড়ক ভবন,তেজগাঁও,ঢাকা।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ১(এক) প্রস্থ।

০৪। ডাইরেক্টর জেনারেল,সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট(CPTU) আইএমইডি,পরিকল্পনা মন্ত্রণালয়,৩য় তলা বিল্ডিং নং-১২,শের-ই- বাংলা নগর,ঢাকা।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ১(এক) প্রস্থ এবং সিডি ১(এক)টি যাহা CPTU,Web site এ প্রকাশের জন্য অনুরোধ করা হল।

০৫। পুলিশ সুপার,মুন্সীগঞ্জ জেলা,মুন্সীগঞ্জ।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ১(এক) প্রস্থ।

০৬। সহকারী প্রকৌশলী(সওজ)/বিভাগীয় হিসাব রক্ষক/উপ-সহকারী প্রকৌশলী,সওজ,মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ১(এক) প্রস্থ।

০৭। উচ্চমান সহকারী/ক্যাশিয়ার,মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।
সংযুক্তিঃ কোটেশন সিডিউল= ১(এক) প্রস্থ।

০৮। নোটিশ বোর্ড অত্র বিভাগ।

১২/০২/১৮
উপ-সহকারী প্রকৌশলী(সওজ)
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।

১২/২/১৮
(মোঃ মামুনুর রশীদ)
পরিচিতি নং ৬০২১৪০
নির্বাহী প্রকৌশলী(চঃদাঃ)সওজ
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।

" কোটেশন দাখিলের নির্দেশাবলী "

১। কোটেশনদাতাগন তাদের কোটেশন মূখবন্ধ খামে সীলগালা অবস্থায় কোটেশন বিজ্ঞপ্তিতে উলিস্নখিত স্থানে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করবেন।

২। কোটেশন দাতাগণ তার/তাদের দর কোটেশন তফসীলের নির্ধারিত স্থানে শুদ্ধ এবং স্পষ্টভাবে বাংলাদেশী টাকার অংকে ও কথায় লিপিবদ্ধ করবেন। অংকে ও কথায় উর্দ্ধৃত দরের মধ্যে কোন রকম অস্পষ্টতা বা পার্থক্য পরিলক্ষিত হলে কথায় উর্দ্ধৃত দরকে গ্রহন করা হবে। এক্ষেত্রে কোটেশন দাতা তা মেনে নিতে বাধ্য থাকবেন।ইজারার উর্দ্ধৃত দর সংশোধনের প্রয়োজন হলে তা একটানে কেটে পুনরায় নতুন করে উদ্ধৃতদর লিখতে হবে । কোনরূপ ঘষামাঝা/কাটাকাটি বা ফ্লুইড ব্যবহার করা যাবেনা।

৩। কোটেশন দাতাকে তার/তাদের উদ্ধৃত মোট মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) বায়নার টাকা নির্বাহী প্রকৌশলী.সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে ইজারা কোটেশনের সাথে জমা দিতে হবে।

৪। কৃতকার্য ইজারা কোটেশন দাতার সাথে ইজারা চুক্তি সম্পাদনের পর অবশিষ্ট কোটেশনদাতাগনের জমাকৃত বায়নার টাকা বিধি মোতাবেক ফেরৎ প্রদান করা হবে।

৫। ইজারার নিরাপত্তা/কার্য সম্পাদন জামানত ৬(ছয়) মাসের মধ্যে প্রদেয় ইজারা মুল্যের সমপরিমান হবে। উক্ত টাকা কৃতকার্য ইজারাদারকে ইজারা চুক্তি সম্পাদনের পূর্বে নির্বাহী প্রকৌশলী,সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে এবং ইজারার মেয়াদ সমাপ্তির পর ফেরৎ প্রদান করা হবে। কৃতকার্য ইজারাদারের টাকা নিরাপত্তা জামানতের সংগে সমন্বয় করা যাবে।

৬। ইজারার বিপরীতে প্রদেয় আয়কর, ভ্যাট, সারচার্জ, লেভী ইত্যাদি ইজারাদার কর্তৃক পরিশোধিত হবে।

৭। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইজারাদার অনুমোদনের পর সড়ক ও জনপথ অধিদপ্তরের পক্ষে নির্বাহী প্রকৌশলী সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ এবং কৃতকার্য ইজারাদারের মধ্যে ইজারা চুক্তি সম্পাদিত হবে। ইজারা কোটেশন বিজ্ঞপ্তি অনুযায়ী ৩০০/- (তিনশত)টাকা মুল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামস্বাক্ষর করতে হবে।

৮। সকল কোটেশন দাতা এবং তাদের প্রতিনিধি এবং তারা বা তাদের পক্ষে অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ কোন প্রকার দূর্নীতি, প্রতারণা, চক্রান্ত জবরদস্তিমূলক বা অনুরুপ অন্য কোন কর্মকান্ডে জড়িত হবেন না। এ ধরনের কর্মকান্ডে জড়িত হওয়ার প্রমাণ পাওয়া গেলে কোটেশনদাতা/কোটেশন দাতাগনকে উক্ত কোটেশনে বা ভবিষ্যতে অন্য কোন কোটেশনে অংশগ্রহনের অযোগ্য বলে বিবেচনা করা হবে।

৯। কৃতকার্য ইজারা কোটেশন দাতার উদ্ধৃত মূল্য সমান ১২(বার) কিস্তিতে প্রদান করতে হবে। চুক্তিপত্র স্বাক্ষরের পূর্বে অগ্রিম ১ কিস্তির টোল + উদ্ধৃত মূল্যের ১৫% ভ্যাট + উদ্ধৃত মূল্যের ৫% আয়কর সহ মোট মূল্য জমা দিতে হবে। এছাড়া ৬ মাসের ইজারা মুল্যের সমপরিমান টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে।

১০। বাকী ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম, ১০ম, ১১তম, ও ১২তম কিস্তির মূল্য একই নিয়মে ইজারা চুক্তির মেয়াদ শুরুর তারিখ হতে যথাক্রমে ৮০(আশি)দিন, ১৭০(একশত সত্তর)দিন, ২৬০(দুইশত ষাট)দিন, ৩৫০(তিনশত পঞ্চাশ)দিন, ৪৪০(চারশত চল্লিশ) দিন, ৫৩০(পাঁচশত ত্রিশ)দিন, ৬২০(ছয়শত বিশ)দিন, ৭১০(সাতশত সত্তর)দিন, ৮০০(আটশত)দিন, ৮৯০(আটশতনব্বই)দিন, ও ৯৮০(নয়শত আশি)দিনের মধ্যে জমা দিতে হবে। ব্যর্থতায় চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে। ১২তম কিস্তির টাকা নিরাপত্তা জামানতের সাথে সমন্বয় করা যাবে। সেক্ষেত্রে ৬ মাসের নিরাপত্তা জামানতের টাকা সমান দুটি পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

১১। ইজারা আহবানকারী নিজস্ব ক্ষমতাবলে এই কোটেশনে ২য় বার, ৩য় বার অথবা পরবর্তী সময় পুনরায় আহবান করতে পারবেন। কোটেশন দাতাগন যারা পূর্ববর্তী আহবানে অংশ গ্রহন করেছেন তারা ইতোপূর্বে আহবানে দাখিলকৃত জামানতের অতিরিক্ত জামানতসহ পরবর্তী আহবানের কোটেশনে অংশগ্রহন করতে পারবেন। তবে কোন অবস্থাতেই ১ম বারের উদ্ধৃত দরের চেয়ে কম মূল্য উদ্ধৃত করে কোটেশন দাখিল করতে পারবেন না। চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের পর অকৃতকার্য কোটেশন দাতার জামানতের টাকা ফেরৎ দেয়া হবে। ১ম বার, ২য় বার, ৩য় বার, এবং পরবর্তী আহবানের সকল কোটেশন দাতার কোটেশন একই সাথে তুলনামূলক বিবরনীতে বিবেচনা করে তার/তাদের স্থান নির্ধারন করা হবে।

১২। কোটেশনে লিখিত ঠিকানা অনুযায়ী কোটেশন দাতার সাথে সকল প্রকার যোগাযোগ করা হবে। ঠিকানা পরিবর্তন হলে কোটেশন দাতা স্বয়ং হাজির হয়ে পরিবর্তিত ঠিকানা কোটেশনে লিখিতভাবে নির্বাহী প্রকৌশলীকে অবহিত করবেন। পত্র না পাওয়ার অজুহাত অত্র দপ্তরের নিকট গ্রহনযোগ্য হবে না।

১৩। কোটেশন দাখিলের দিন হতে ১৮০(একশত আশি) দিনের মধ্যে কোটেশন নিস্পত্তি না হলে কোটেশনদাতা লিখিত আবেদন করে কোটেশন প্রক্রিয়া হতে অব্যাহতি নিতে পারবেন এবং বায়নার টাকা ফেরৎ নিতে পারবেন।

১৪। কোন অবস্থাতেই টোল আদায়ের জন্য ইজারাদার কর্তৃক অন্য কোন ব্যক্তির নিকট পুনরায় সাব-ইজারা দেওয়া যাবে না এবং প্রমাণিত হলে মূল ইজারা বাতিল করে সরকার টোল আদায়ের দায়িত্বভার গ্রহন করবেন এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

১৫। কোটেশন দাখিলের সময় ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, হালনাগাদ টিআইএন সার্টিফিকেট, আয়কর প্রদানের হালনাগাদ প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। অন্যথায় কোটেশন বাতিল বলে গণ্য হবে।

১৬। কোটেশন দাতাকে কোটেশনের সঙ্গে তার ব্যাংক একাউন্ট নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে এবং ব্যাংক হিসাব যিনি পরিচালনা করবেন, তার ঠিকানা সম্বলিত ব্যাংকের ম্যানেজারের একটি প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি কোটেশনের সঙ্গে সন্নিবেশিত করতে হবে।

১৭। সরকার কর্তৃক আয়কর ও ভ্যাট এর হার পরিবর্তিত হলে ইজারাদারর তা মেনে নিতে এবং পরিবর্তিত হারে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১৮। কোটেশন দাখিলের পূর্বে কোটেশদাতা মনে করলে সেতুস্থল পরিদর্শন করতে পারেন এবং প্রয়োজন মনে করলে সেতুতে পারাপারকারী যানবাহনের সংখ্যা যাচাই করে দেখতে পারেন। পরবর্তীতে পারাপারকারী যানবাহনের পরিমাণ/সংখ্যা সংক্রান্ত কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৯। সেতুর নিকটবর্তী সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতা অথবা আওতা বহির্ভূত কোন স্থানে সড়ক ও জনপথ অধিদপ্তর/স্থানীয় সরকারের কোন কর্তৃপক্ষ/জেলা পরিষদ/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ/পৌরসভা অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠি কর্তৃক নির্মিত সড়ক ও সেতুর মাধ্যমে বা অন্য কোন কারণে যাত্রী বা মালামাল পারাপার করা হলে বা এ সেতুতে যানবাহন কমে যেতে পারে তা বিবেচনায় এনে ইজারা ডাকে অংশ গ্রহন করতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবে না। ইজারদার কোন প্রকার ক্ষতিপূরণদাবী করতে পারবেন না।

২০। হরতাল, অবরোধ অথবা অন্য কোন রাজনৈতিক/সামাজিক/প্রাকৃতিক কারনে ফেরী চলাচল/যানবাহন পারাপার বন্ধ থাকলে ইজারদার সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরন দাবী করতে পারবেন না।

২১। এই কোটেশন সংযোজিত চুক্তির শর্তাবলী কোটেশনের অবিচ্ছেদ্য অংগ বলে বিবেচিত হবে।

২২। সেতুতে চলাচলকারী যানবাহনের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ইজারাদারের দায়িত্ব।

২৩। ইজারাদার সেতুতে চলাচলকারী যানবাহনের নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

কোটেশন দাতার স্বাক্ষর
(সীলসহ)

উপ-সহকারী প্রকৌশলী(সওজ)
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।

(মোঃ মামুনুর রশীদ)
পরিচিতি নং৬০২১৪০
নির্বাহী প্রকৌশলী,(চঃদাঃ)সওজ
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।

ইজারা চুক্তির শর্তাবলী

১। ইজারার মেয়াদ ৩(তিন) অর্থ বৎসর (১০৯৫ দিন)। তবে ফেরীর স্থলে সেতু নির্মাণ করা হলে অথবা কোন কারণে সরকার ফেরী বন্ধ ঘোষনা করলে কার্যাদেশ প্রদানের তারিখ হতে সময়ের আনুপাতিক হারে কিস্তির টাকা গ্রহণ করা হবে। এই ব্যাপারে ইজারাদারের কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না। সরকারের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

২। ইজারাদার অত্র অফিস কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট মূল্যমানের,নির্দিষ্ট রং এর টিকেট ছাপাবেন এবং টোল আদায় করে যানবাহনের চালককে অবশ্যই টিকিট প্রদান করবেন। টোল আদায়ের জন্য ইজারাদার পর্যাপ্ত সংখ্যক লোকবল নিয়োগ করবেন। টিকেট ছাড়া টোল আদায় করা যাবে না।

৩। নির্দিষ্ট হারে টোল আদায় করা এবং যানবাহন নিয়ন্ত্রন করা ইজারাদারের দায়িত্ব। প্রয়োজনে ইজারাদার আইনের আশ্রয় নিবেন। আইন শৃঙ্খলা রক্ষা বা নিরাপত্তার প্রয়োজনে আনসার বা নিরাপত্তা বাহিনী নিয়োগের প্রয়োজন হলে তার যাবতীয় খরচ ইজারদার বহন করবেন।

৪। সেতুতে যদি সড়ক ও জনপথ অধিদপ্তরের কোন টোল ঘর বা সেড না থাকে সেক্ষেত্রে ইজারাদারকে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী,সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ এর সহিত আলোচনা করে নিজ খরচে প্রয়োজনীয় টোল অফিস, টোল পোষ্ট ও অন্যান্য যাবতীয় প্রয়োজনীয় স্থাপনা তৈরী ও রক্ষনাবেক্ষন করবেন এবং ইজারা চুক্তির সময়-সীমা অতিক্রান্ত হওয়ার পর ৩(তিন) দিনের মধ্যে নিজ খরচে টোল অফিস,টোল পোষ্ট ইত্যাদি সম্পুর্নরুপে সরিয়ে নিবেন। যদি উক্ত সময়ের মধ্যে ইজারাদার তার স্থাপনা সরিয়ে নিতে ব্যর্থ হন তা হলে সরকার উহা সরিয়ে ফেলবেন এবং সমুদয় মালামাল বাজেয়াপ্ত করবেন।

৫। ইজারাদার সেতুর উপর দিয়ে সার্বক্ষনিক যান চলাচল নিশ্চিত করবেন।

৬। সেতু সবসময় পরিস্কার রাখতে হবে যাতে কোন প্রকার ময়লা আবর্জনা না থাকে। সেতুর টোল প্লাজায় টয়লেট পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং যাত্রি সাধারণের জন্য টয়লেট ব্যবহকার করার ব্যবস্থা রাখতে হবে।

৭। সেতুর উপর টোল আদায়ের জন্য কোন প্রকার স্পীড ব্রেকার দেয়া যাবে না।

৮। ইজারাদার সেতুতে তার নিয়োজিত লোকজনের জন্য অনুমোদিত রংয়ের ইউনিফর্ম সরবরাহ করবেন এবং ব্যবহার নিশ্চিত করবেন।

৯। হরতাল,অবরোধ অথবা অন্য কোন রাজনৈতিক/সামাজিক/প্রাকৃতিক কারণে সেতুর উপর দিয়ে যান চলাচল বন্ধ থাকলে ইজারাদার সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

১০। ইজারাদার সেতুর যানবাহনের নিরাপত্তার জন্য সর্বাত্মক ব্যবস্থা গ্রহন করবেন। ইজারাদার ঝড়,বৃষ্টি,সাইক্লোন,শিলাবৃষ্টি,ঘূর্নীঝড়ের সময় সেতুতে যাতে কোনরুপ ক্ষতিসাধন না হয় তা নিশ্চিত করবেন এবং সার্বিক নিরাপত্তা বিধান করবেন।

১১। ইজারাদার তার নিজস্ব ব্যবস্থাপনায় ও খরচে সাইন, সিগন্যাল তৈরী করবেন এবং বাংলা ও ইংরেজীতে অনুমোদিত টোল হারের তালিকা সেতুর উভয় পাড়ে দৃষ্টিগোচর হয় এমনস্থানে পরিস্কার ও সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক সাইন বোর্ড স্থাপন করবেন।

১২ ইজারাদার কোন কিস্তির টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে না পারলে নির্ধারিত সময়ের পরবর্তী দিবসে কোন প্রকার নোটিশ বা বিজ্ঞপ্তি ছাড়াই সম্পাদিত চুক্তি বাতিল করা যাবে। নির্ধারিত তারিখে যদি অফিস ছুটি বা অন্য কোন কারণে ব্যাংক বন্ধ থাকে তবে তার আগের খোলার দিন নির্ধারিত দিন বলে গণ্য হবে। ইজারাদারের ব্যর্থতায় নির্বাহী প্রকৌশলী মুন্সীগঞ্জ সড়ক বিভাগ অথবা সরকার মনোনীত অন্য কোন কর্মকর্তা টোল আদায়ের অধিকার গ্রহণ করনে।

১৩। সরকারী নির্ধারিত হারে সকল প্রকার শুল্ক,ভ্যাট ও আয়কর ইত্যাদি ইজারাদারকে প্রদান করতে হবে। ইজারাদার সরকার কর্তৃক বৎসরের যে কোন সময় জারীকৃত নতুন হারে আয়কর/ভ্যাট দিতে বাধ্য থাকবেন এবং পরবর্তীতে সরকার কর্তৃক শুল্ক,কর বৃদ্ধি করা হলে উহাও পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১৪। ইজারাদার যদি ইচ্ছাকৃতভাবে নির্ধারিত টোল হার গোপন অথবা রদবদল করেন অথবা নির্ধারিত হারের অতিরিক্ত টোল দাবী করেন/আদায় করেন তাহলে সড়ক ও জনপথ অধিদপ্তর ইজারা বাতিলসহ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১৫। নিম্নেবর্ণিত যানবাহনসমূহ বিনা টোলে সেতু পারাপার করতে পারবেঃ

১। (ক) সরকারী অধিক্ষেত্রের মধ্যে চলাচলকারী সরকারী কাজে নিয়োজিত জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন এর গাড়ী সমূহ

(খ) ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ফায়ার ফাইটিং গাড়ী ও সরকারী অধিক্ষেত্রের মধ্যে চলাচলকারী এ্যাম্বুলেন্স

(গ) সড়ক ও জনপথ অধিদপ্তরের সকল প্রকার গাড়ী ও রাস্তা তৈরী ও রাস্তা মেরামত ও রক্ষনাবেক্ষন কাজের নিয়োজিত সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক অনুমতি প্রদানকৃত সরঞ্জামাদি/ট্রাক এবং সড়ক ও জনপথ অধিদপ্তর এর মালিকানা সরঞ্জামাদি।

উপর্যুক্ত তালিকা সরকারী নির্দেশ অনুযায়ী পরিবর্তিত হতে পারে।

(ঘ) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণ পরিচয়পত্র প্রদর্শন করে ব্যক্তিগত গাড়ীতে টোল অব্যাহতি পাবেন।

১৬। ইজারাদার প্রতিদিন সেতু দিয়ে পারাপারকারী সকল প্রকার যানবাহনের রেজিষ্ট্রেশন নম্বর, টোল প্রদানের টিকেট নম্বর, অতিক্রমের সময়, টোল আদায়ের পরিমান ইত্যাদি রেজিষ্টারে লিপিবদ্ধ করে তা সংরক্ষন করবেন এবং ১৫ দিন অন্তর অন্তর নির্ধারিত ছকে যানবাহনের হিসাব সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিসে জমা দিবেন।

১৭। ইজারাদার টোল আদায়ের সময় যদি কোন প্রকার অপ্রীতিকর পরিস্থিতির সম্মুখীন হন তাহলে তাৎক্ষনিকভাবে নিকটস্থ আইন শৃঙ্খলা বাহিনীকে অবহিত করবেন এবং প্রতিকারের ব্যবস্থা নিবেন। কোনক্রমেই আইনকে নিজের হাতে তুলে নিতে পারবেন না।

১৮। সেতুর টোল প্লাজার বিদ্যুৎ বিলসহ যাবতীয় খরচাদি ইজারাদার বহন করবেন। যেখানে বিদ্যুতের ব্যবস্থা নেই সেখানে নিজ খরচে ইজারাদারকে আলোর ব্যবস্থা করতে হবে। তবে সেতুর লাইট পোষ্টের বিদ্যুৎ খরচ সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বহন করা হবে।

১৯। টোল অফিস ও নিয়ন্ত্রণ পোষ্টের যাবতীয় পরিচালনা ও নিরাপত্তা ব্যবস্থা ইজারাদার নিজ খরচে বহন করবেন।

২০। সেতুতে কর্মরত সড়ক ও জনপথ অধিদপ্তর এর কোন কর্মচারীর সহিত ইজারাদারের কোন বিষয়ে মতানৈক্য হলে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে ব্যবস্থা গ্রহন করতে হবে।

২১। এই ইজারা চুক্তির ব্যাপারে কোনরূপ জটিলতা দেখা দিলে ইহার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী,সড়ক ও জনপথ অধিদপ্তর,সড়ক সার্কেল, নারায়নগঞ্জ এর সিদ্ধান্ত উভয় পক্ষের জন্যই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

২২। সেতুর নিকটবর্তী সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতা অথবা আওতা বহির্ভূত কোন স্থানে সড়ক ও জনপথ অধিদপ্তর/স্থানীয় সরকারের কোন কর্তৃপক্ষ/জেলা পরিষদ/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ/পৌরসভা অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠি কর্তৃক নির্মিত সড়ক ও সেতুর মাধ্যমে বা অন্য কোন কারণে যাত্রী বা মালামাল পারাপার করা হলে বা এ সেতুতে যানবাহন কমে গেলে এ ব্যাপারে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবে না। ইজারাদার কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

২৩। এই ইজারা সংক্রান্ত সকল কার্যক্রম টোল নীতিমালা ২০১৪ এর আলোকে হবে। এই ইজারার কোন শর্ত টোল নীতিমালা ২০১৪ এর সার্থে সাংঘর্ষিক হলে টোল নীতিমালা ২০১৪ প্রধান্য পাবে।

২৪। ইজারা চুক্তির শর্তাবলীর যে কোন শর্ত ইজারাদার কর্তৃক ভঙ্গ করা হলে ইজারা চুক্তি বাতিলসহ সর্বোচ্চ জামানতের টাকার পরিমান জরিমানা করা যেতে পারে।

২৫। চুক্তিনামায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে নির্বাহী প্রকৌশলী,সড়ক ও জনপথ অধিদপ্তর,মুন্সীগঞ্জ সড়ক বিভাগ, প্রতিনিধিত্ব করবেন।

২৬। সরকার যুক্তিসংগত কারণে ১ মাসের নোটিশ প্রদান করে যে কোন সময় চুক্তি বাতিল করতে পারবেন।

২৭। উপরে বর্নিত সকল শর্তাবলী ইজারা চুক্তিপত্রের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য হবে।

কোটেশন দাতার স্বাক্ষর
(সীলসহ)

উপ-সহকারী প্রকৌশলী(সওজ)
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ
মুন্সীগঞ্জ।

(মোঃ মামুনুর রশীদ)
পরিচিতি নং৬০২১৪০
নির্বাহী প্রকৌশলী(চঃদাঃ)সওজ
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ,মুন্সীগঞ্জ।

মুন্সীগঞ্জ সড়ক বিভাগাধীন ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কের ৩য় কিঃ মিঃ এ বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর (বুড়িগঙ্গা সেতু-১) এক পাড় হতে অন্য পারে পারাপারের টোলের তালিকা ঃ

ইজারা কোটেশন নং-০১/ইই/ আর,ডি,এম ২০১৬-২০১৭ ইং (১৪তম আহ্বান)।

সূত্রঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয়ের অধীন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং ৩৫.০০.০০০০.০৩০.১৫.০০১.১৪.৪০৬ বিগত ০৬-০১-২০১৫ তারিখের ৩৫.০০.০০০.০৩০.১৫.০০১.২০১৪-০৬ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে টোল নীতিমালা ২০১৪ অনুযায়ী সরকার কর্তৃক মহাসড়কের শ্রেনী ও সেতুর দৈর্ঘ্যের স্তর বিন্যাস অনুসরন সেতু সমূহের টোল হার স্মারক নং ৩৫.০০.০০০০.০৩০.১৫.০০১.২০১৪-৩৯৯ তারিখঃ ২২/১২/২০১৫ মুলে জনস্বার্থে পুনঃ নির্ধারন মোতাবেক।

সেতুর দৈর্ঘ্য ঃ ৮৪৭.৩২ মিটার।

যানবাহনের শ্রেনী	যানবহনের ধরন	যানবাহনের বর্ননা	যানবাহনের টোলের হার	টিকেটের রং	মন্তব্য
ক	ট্রেইলর (বোঝাই/খালি)	কন্টেইনার/ভারী যন্ত্রপাতি / ভারী মালামাল /সরঞ্জাম পরিবহনে সক্ষম যান	৭৫০.০০	লাল	
খ	হেভী ট্রাক(বোঝাই/খালি)	তিন বা ততোধিক এক্সেল বিশিষ্ট ট্রাক, কাভার্ড ট্রাক/ভ্যান, কন্টেইনারবাহী ট্রাক,রেকার,ক্রেন এবং অন্যান্য আর্টিকুলেটেড যানবাহন।	২৪০.০০	লাল	
গ	মিডিয়াম ট্রাক(বোঝাই/খালি)	দুই এক্সেল বিশিষ্ট রিজিড ট্রাক /বানিজ্যিক কাজে ব্যবহৃত ট্রাকটর ও ট্রেইল	১৬০.০০	লাল	
ঘ	বড় বাস *(বোঝাই/খালি)	চালক ব্যতীত ৩১ অথবা তদুর্ধ্ব আসন বিশিষ্ট মোটরযান।	৩৫.০০	সবুজ	
ঙ	মিনি ট্রাক(বোঝাই/খালি)	৩ টন পর্যন্ত পে-লোড ধারনে সক্ষম যানবাহন	১০০.০০	লাল	
চ	কৃষি কাজে ব্যবহৃত যান(বোঝাই/খালি)	পাওয়ার ট্রিলার, ট্রাক্টর ইত্যাদি	২০.০০	লাল	
ছ	মিনিবাস/কোষ্টার *(বোঝাই/খালি)	চালক ব্যতীত অনধিক ৩০ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	২৫.০০	সবুজ	
জ	মাইক্রোবাস(বোঝাই/খালি)	চালক ব্যতীত অন্যুন ৮ এবং অনধিক ১৫ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান।	৭৫.০০	হলুদ	
ঝ	ফোর হুইল চালিত যানবাহন(বোঝাই/খালি)	পিক-আপ, কনভারশনকৃত জীপ ইত্যাদি	৭৫.০০	হলুদ	
ঞ	সিডান কার(বোঝাই/খালি)	ব্যক্তিগত এবং ভাড়ায়চালিত সকল সিডান কার	৪০.০০	হলুদ	
ট	৩/৪চাকার মোটরাইজড যান(বোঝাই/খালি)	অটোটেম্পো,সিএনজি অটোরিকসা, অটোভ্যান, ব্যাটারীচালিত ৩-৪ চাকার যে কোন ধরনের মোটরাইজড যান	২৫.০০	হলুদ	
ঠ	মটর সাইকেল	দুই চাকা বিশিষ্ট যন্ত্রচালিত যান	১৫.০০	সাদা	
ড	রিক্সা ভ্যান, রিক্সা, বাইসাইকেল, ঠেলাগাড়ী(বোঝাই/খালি)	মালামাল/যাত্রী পরিবহনে ব্যবহৃত রিক্সা ভ্যান / প্যাডেলযুক্ত দ্বিচক্রযান পশু ও পায়ে চালিত টানা / ঠেলা গাড়ী	ফ্রি	-	

* গণ-পরিবহন

** স্মারক নং ৩৫.০০.০০০০.০৩০.১৫.০০১.২০১৪-৩৯৯ তারিখঃ ২২/১২/২০১৫ইং মুলে যানবাহনের শ্রেনী !! ড !! এর টোল মওকুফ করা হয়েছে।

*** সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ,নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর শাখার স্মারক নং ৩৫.০০.০০০০.০৩০.১৫.০১৪.১৭-২৪৮ তারিখঃ ১৮/০৯/২০১৭ ইং তারিখের প্রজ্ঞাপনের প্রেক্ষিতে ইজারার মেয়াদ ১(এক) বৎসর এর পরিবর্তে ৩(তিন) বৎসর করা হয়েছে।

কোটেশন দাতার স্বাক্ষর
(সীলসহ)

উপ-সহকারী প্রকৌশলী(সওজ)
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ
মুন্সীগঞ্জ।

নির্বাহী প্রকৌশলী,সওজ
মুন্সীগঞ্জ সড়ক বিভাগ
মুন্সীগঞ্জ।

অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, আমি

১. টোল নীতিমালা ২০১৪, কোটেশন দাখিলের নির্দেশাবলী, কোটেশন চুক্তির শর্তাবলী সম্পর্কে সম্পূর্ণ অবগত আছি এবং মেনে চলব।

২. অবগত আছি যে, ইজারার কোটেশনে উল্লিখিত মেয়াদ পর্যন্ত কোটেশনটি বলবৎ থাকবে। আমি এও অবগত আছি যে, ইজারা আহ্বানকারী যে কোন সময় যে কোন সময় যে কোন কোটেশন/সকল কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

৩. কোটেশন দাখিলের নির্দেশাবলীতে উল্লিখিত ভ্যাট ও আইটি সংক্রান্ত ৬,৭ ও ১৭ নং নির্দেশাবলী মেনে চলব।

৪. কোটেশন দাখিলের নির্দেশাবলীতে উল্লিখিত নিরাপত্তা জামানত সংক্রান্ত ৫নং নির্দেশাবলী মেনে চলব।

৫. কোটেশন দাখিলের নির্দেশাবলীতে উল্লিখিত সাব ইজারাদার সংক্রান্ত ১৪নং নির্দেশাবলী মেনে চলব।

কোটেশন দাতার স্বাক্ষর
(সীলসহ)

প্রত্যয়নপত্র

আমি /আমরা..... এই মর্মে প্রত্যয়ন করছি যে, কোটেশনে আমার উদ্ধৃত তথ্যাদি সঠিক এবং সত্য । যদি কোন তথ্য বা তথ্যাদি অসত্য বলে প্রমাণিত হয়,তবে কোটেশন নাকচ করে সরকারের অনুকূলে বায়নার (উদ্ধৃত দরের ১০%) টাকা বাজেয়াপ্ত করা যাবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যাবে। আমি/আমরা সিডিউলের শর্তাবলী ইত্যাদি সম্পূর্নরূপে পড়েছি এবং সম্পূর্ণ সুস্থ অবস্থায় সরেজমিনে যাচাই করে স্বজ্ঞানে অন্যের প্ররোচনার বশবর্তী না হয়ে অত্র কোটেশনের দর উদ্ধৃত করলাম। আমি আরও প্রত্যয়ন করছি যে, এ ইজারায় সফল দরদাতা হলে ৬ মাসের ইজারা মূল্যের সমপরিমান টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করব।

কোটেশন দাতার স্বাক্ষর
(সীলসহ)

কোটেশনদাতা কর্তৃক দর উদ্ধৃতির ফরম

কোটেশন বিজ্ঞপ্তি নং. . . . . (ক্রয়কারী কর্তৃক পূরনীয়)

কাজের নাম . . . . . (ক্রয়কারী কর্তৃক পূরনীয়)

. . . . . .

. . . . . .

ইজারা কোটেশনদাতাগনকে নিম্মোক্ত ছকে দর উদ্ধৃত করতে হবে।

ক্রমিক নং	বিবরন	টাকার পরিমাণ (অংকে)	টাকার পরিমাণ(কথায়)
০১।	উদ্ধৃত টাকার পরিমান		
০২।	উদ্ধৃত টাকার উপর ৫%(শতকরা পাঁচ ভাগ) আয়কর		
০৩।	উদ্ধৃত টাকার উপর ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট		
	মোটঃ		

ব্যাংক ড্রাফট/পে অর্ডার নং ও তারিখ ঃ----------

টাকার পরিমান (অংকে) ঃ----------

(কথায়) ঃ----------

ব্যাংকের নাম ও শাখা ঃ----------

ভ্যাট রেজিষ্ট্রেশন নম্বর ঃ----------

ETIN নম্বর ঃ----------

কোটেশনদাতার নাম ও স্বাক্ষর . . . . . .

কোটেশনদাতার জাতীয় পরিচয়পত্র নম্বর. . . . . .

বর্তমান ঠিকানা : . . . . . .

. . . . . .

. . . . . .

বিঃদ্রঃ ১। অংক ও কথায় লেখা মূল্যের মধ্যে পার্থক্য হলে কথায় লেখা মূল্য সঠিক বলে ধরা হবে।

২। ইজারা মুল্যের ১৫%ভ্যাট এবং ইজারা মূল্যের ৫% আয়কর হবে। কোটেশনদাতা যদি ভ্যাট এবং আয়কর এর কোনটি অথবা উভয়টি কম/বেশী উদ্ধৃত করেন তবে কোটেশন আহবানকারী কর্তৃপক্ষ কোটেশন মুল্যায়নের/পরীক্ষার সময় উহা সংশোধন করবেন, যা কোটেশনদাতা মানতে বাধ্য থাকবেন। এ ব্যাপারে কোন রকম আপত্তি গ্রহণযোগ্য হবে না।